



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।



“মুজিব বর্ষে বিআরডিবি’র অঙ্গীকার স্বনির্ভর
সমৃদ্ধ পল্লী গড়ার”

স্মারক নং- ৪৭.৬২.০০.০০.৪১১.০৬.১০৫.১৭.১১৬৫৩

তারিখ: ২৭ ডিসেম্বর ২০২১ খ্রি.

বিষয়: ২০২১-২০২২ অর্থ বছরে বিআরডিবি কর্তৃক প্রণীত ডিজিটাল সেবা বাস্তবায়ন।

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধি, ফলাফলধর্মী উৎসাহ প্রদান এবং কর্মকর্তা বা Performance মূল্যায়নের লক্ষ্যে সরকারি অফিসসমূহে ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’ বা এপিএ প্রবর্তন করে কার্যতালিকা (Allocation of business) ও সুশাসনমূলক কার্যক্রমসমূহের (বর্তমানে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার) সামগ্রিক মূল্যায়ন এপিএ’র মাধ্যমে সম্পন্ন করা হবে।

এ ধারাবাহিকতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় একটি ডিজিটাল সেবা তৈরি ও তা বাস্তবায়নকে কর্মসম্পাদন সূচক মান হিসেবে নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যে বিআরডিবি’র ইনোভেশন টিমের সিদ্ধান্ত অনুযায়ী প্রোগ্রামিং শাখার মাধ্যমে অনলাইনভিত্তিক “Library Reading Materials Requisition Form (লাইব্রেরীর পাঠ্য উপকরণ চাহিদা)” শীর্ষক একটি ডিজিটাল সেবা তৈরি করা হয়েছে। বিআরডিবি’র ওয়েবসাইটের মেন্যুবারের “ডিজিটাল সেবা” মেন্যু থেকে সেবাটি পত্র জারির তারিখ হতে ব্যবহার করা যাবে। উল্লেখ্য, লাইব্রেরী থেকে পুস্তক নির্বাচনের জন্য বিআরডিবি’র লাইব্রেরীতে সংরক্ষিত বইয়ের তালিকা Requisition Form এর "Book list Name" ড্রপডাউন মেন্যুতে সংরক্ষণ করা হয়েছে।

এমতাবস্থায়, বিআরডিবি সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের “Library Reading Materials Requisition Form (লাইব্রেরীর পাঠ্য উপকরণ চাহিদা)” শীর্ষক ডিজিটাল সেবাটি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

সুপ্রিয় কুমার কুন্ডু

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮ ০২৮১৮০০০১

ফ্যাক্স: +৮৮ ০২৮১৮০০১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে):

১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, এটুআই, ঢাকা।

৩। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

৪। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

৫। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

৬। উপপরিচালক (জেলা দপ্তর), বিআরডিবি, ঢাকা।

৭। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি’র ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সেবা বক্রে হালনাগাদের জন্য)।